দৈনিক ইত্তেফাক

তারিখ 14 SEP 1996
পৃষ্ঠা ৫ কলাম ৫

# মাদারীপুর জেলার ২০ সহস্রাধিক শিশু বিদ্যালয়ে যায় না

মাদারীপুর সংবাদদাতা ॥ জেলার ২০ সহস্রাধিক ছেলে-মেয়ে (শিশু) বর্তমানে কোন বিদ্যালয়ে লেখাপড়া করে না। তন্মধ্যে একমাত্র শিবচর থানায়ই ৭ হাজার ৮৬০ জন ছেলেমেয়ে রহিয়াছে। কালকিনি থানায় প্রাথমিক বিদ্যালয়ে ভর্তির হার শতকরা ৮১ ভাগ। সংশ্লিষ্ট সূত্রে জানা যায়, শিবচর থানায় বিদ্যালয়ে যাওয়ার উপযোগী শিশুর সংখ্যা ৫১ হাজার ৬০৩ জন। চলতি শিক্ষাবর্ষে ক্লাস করিতেছে ৪৩ হাজার ৭৪৩ জন। অবশিষ্ট ৭ হাজার ৮৬০ জন শিশু কোন বিদ্যালয়ে লেখাপড়া করে না। রাজৈর থানার ৫ হাজার ৫০৩ জন শিশু বিদ্যালয়ে যায় না। ৩৭ হাজার ৮৮৩ জন শিশুর মধ্যে ৩২ হাজার ৩৮০ জন শিশু লেখাপড়া করে। কালকিনি থানার ৩৯ হাজার ৪০১ জন শিশু বিদ্যালয়ে যায়। ৪৩ হাজার ৫১৮ জন শিশুর মধ্যে ৪ হাজার ১১৭ জন শিশু লেখাপড়া করে না। মাদারীপুর সদর থানার শতকরা ৯৩ ভাগ শিশু এই বছর স্কুলে যায়। ৫০ হাজার ৬৫ জন শিশুর মধ্যে ৪৬ হাজার ৬৮৯ জন শিশু বিদ্যালয়ে লেখাপড়া করে। বাকী ৩ হাজার ৩৭৬ জন শিশু লেখাপড়া করে না। অভিভাবকদের আর্থিক দুরবস্থা, নদী ভাঙ্গন, মা-বাবার অনীহা প্রভৃতি কারণে এসব ছেলেমেয়ে বিদ্যালয়ে যাওয়ার সুযোগ পায় না বলিয়া অভিজ্ঞ মহলের ধারণা।